New York State
Department of State
Division of Licensing Services
Appearance Enhancement
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণ আবেদনপত্র

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদকদের অনলাইনে আবেদন করতে উৎসাহিত করে। অনলাইন পরিষেবাগুলি ব্যবহার করা হলে আপনার আবেদনপত্রর জন্য এক দ্রুততর অবকাশের মধ্যে প্রত্যুত্তর ও আপডেটগুলি পাওয়া যায় এবং আপনাকে আপনার লাইসেন্সের রেকর্ডগুলিকে লাইসেন্স দেবার প্রক্রিয়া বরাবর দেখতে ও ব্যবহার করতে দেওয়া হয়. (নিকট ভবিষ্যতে এই নথিভুক্তকরনের ব্যাপারে *অনলাইন পরিষেবাগুলি পাওয়া যাবে।)*

এখানে আমাদের ওয়েবসাইট দেখুন: www.dos.ny.gov

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই নির্দেশগুলির অনলাইন বিভাগ দেখে নিন।

আবেদন সম্পূর্ণ করার আগে সাবধানে নির্দেশগুলি পড়ে নিন। সব কটি ক্ষেত্র পূরণ করা আবশ্যক, অসম্পূর্ণ আবেদন ফেরত পাঠিয়ে দেওয়া হবে, তার ফলে লাইসেন্স পেতে দেরী হবে। কিছু বাদ দেওয়া হলে, ভুল তথ্য জানানো হলে বা আবেদনে অথবা সহায়ক দলিলে সম্পূর্ণ তথ্য না জানানো হল তা লাইসেন্স প্রত্যাখ্যান করার যথেষ্ট কারণ মনে করা হবে, বা যদি লাইসেন্স জারি করা হয়ে গিয়ে থাকে তাহলে সেই লাইসেন্স সাসপেন্ড বা নাকচ করে দেওয়া যায়।

নখের বিশেষজ্ঞতার অনুশীলনে কী কী শেখানো হয়?

নখের বিশেষজ্ঞতার অনুশীলন মানে হল বিনামূল্যে বা অন্য কোনো শর্ত সাপেক্ষে হাতের ও পায়ের নখ কাটা, শেপ করা বা এর রূপ লাবণ্য বিকশিত করা। নখ বিশেষজ্ঞতা বলতে স্বাভাবিক বা কৃত্রিম নখ লাগানো বা সরিয়ে ফেলাও বোঝায়।

নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণের জন্য নথিভুক্তকরন করতে কারা কারা আবেদন করতে পারেন?

কোনো ব্যক্তি যদি একজন লাইসেন্সপ্রাপ্ত নখ বিশেষজ্ঞর অভিভাবকত্ব, নজরদারী ও নির্দেশ অনুসারে কোনো লাইসেন্সপ্রাপ্ত রূপ বর্ধন ব্যবসা হিসাবে নখ বিশেষজ্ঞতা অনুশীলন করেন তাহলে তাকে অবশ্যই NYS ডিপার্টমেন্ট অফ স্টেট থেকে একটা সার্টিফিকেট অর্জন করতে হবে আর নথিভুক্ত হতে হবে।

নথিভুক্তকরনের ফি আর সময় অবধি কত হয়?

আবেদনপত্র দেবার জন্য ফি দিতে হয় না। আপনার নথিভুক্তকরনের সার্টিফিকেট এক বছরের জন্য বৈধ থাকবে আর এটাকে দ্বিতীয় বছরের জন্য পুনর্নবীকরণ করানো যায়।

নথিভুক্তকরনের সার্টিফিকেট পেলে সেটা কি আমাকে একটা রূপ বর্ধন ব্যবসা চালাতে অনুমোদন দেবে?

না। নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণ করার জন্য নথিভুক্ত হবার সার্টিফিকেট আপনাকে এক রূপ বর্ধন ব্যবসা শুরু করার অধিকার বা এলাকা ভাড়া দেবার লাইসেন্স দেয় না

নখ বিশেষজ্ঞতা লাইসেন্স পাবার জন্য উন্নীত হতে গেলে আমার কী যোগ্যতা থাকা দরকার?

একজন নখ বিশেষজ্ঞতা অর্জনের প্রশিক্ষণ গ্রহণকারী একটা নখ বিশেষজ্ঞতা অনুশীলন করবার লাইসেন্স পেতে পারেন যদি সেই প্রশিক্ষণ গ্রহণকারী এক বছর ধরে সক্রিয় ভাবে কোনো প্রশিক্ষণে জড়িত থাকেন এবং যদি উনি একটা অনুমোদনপ্রাপ্ত 27 ঘন্টার শিক্ষা গ্রহণের কোর্স সম্পূর্ণ করে থাকেন এবং লিখিত ও মৌখিক পরীক্ষায় পাশ করে থাকেন। এই অধ্যয়ন করার কোর্স অনলাইনে ইলেকট্রনিক উপায়ে প্রদান করা হতে পারে।

আমার উপরে নজরদারি করা নখ বিশেষজ্ঞ পরিবর্তিত হলে কী হবে?

আপনাকে এই পরিবর্তনের ব্যাপারে ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসকে জানাতে হবে। এটা সুনিশ্চিত করে যে আপনার নথিভুক্তকরন সার্টিফিকেট এই ডিপার্টমেন্টের কাছে হালনাগাদ হয়ে থাকবে।

আমাকে আমার ইমেল ঠিকানা কেন জানাতে হয় কাগজের আবেদনপত্রর সাথে?

আপনার ইমেল ঠিকানা দিয়ে আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট খোলা হবে। বেশীরভাগ যোগাযোগ ইমেলের মাধ্যমে পাঠানো হবে। আপনি যদি ভবিষ্যতে আপনার ইমেল ঠিকানা পালটে ফেলেন তাহলে আপনাকে আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে হবে আর নতুন ইমেল ঠিকানাটা দিয়ে এটা আপডেট করতে হবে।

নখের সেলুন আর শ্রমিকদেরকে ক্ষতিগ্রস্ত করার মতো বাড়তি তথ্য আমি কোথা থেকে পেতে পারি?

অনুগ্রহ করে এখানে আমাদের ওয়েবসাইট দেখে www.dos.ny.gov শ্রমিকদের জন্য দরকারি সরঞ্জামগুলির আর নখের বিশেষজ্ঞতার অনুশীলনকারীদের অধিকার সনদ বা নেইল প্র্যাক্টিশনার বিল অফ রাইটস সম্পর্কে আরও তথ্য পেতে পারেন।

আমাকে নথিভুক্ত হবার জন্য কি শারীরিক পরীক্ষা করানোর দরকার হতে পারে?

হ্যাঁ। নখ বিশেষজ্ঞতা অর্জনের প্রশিক্ষণ গ্রহণকারী হিসাবে নথিভুক্ত হতে গেলে আপনাকে একজন চিকিৎসা সহায়কের বা পেশাদার নার্সের দ্বারা পরীক্ষা করানোর দরকার হতে পারে। যদি আপনি অনলাইনে আবেদন করেন, তাহলে আপনার **চিকিৎসক,** চিকিৎসা সহায়ক, বা পেশাদার নার্সকে অবশ্যই আবেদনপত্রর স্বাস্থ্য সংক্রান্ত সার্টিফিকেট বিভাগের তথ্য বা স্বাস্থ্য সার্টিফিকেট ফর্ম (DOS-1948) পূরণ করতে হবে আর তার তারিখ দিতে হবে। সার্টিফিকেটে তারিখ দিয়ে স্বাক্ষর দেওয়া হবার পর আপনাকে অবশ্যই 30 দিনের মধ্যে আপনার আবেদনপত্র জমা দিতে হবে।

শিশু সহায়কের বিবৃতি

আপনার বাচ্চা থাক বা না থাক অথবা কোনো রকমের সহায়তাদানের বাধ্যবাধকতা থাক বা না থাক New York State (জেনারাল অবলিগেশন ল) অনুসারে শিশু সহায়কের বিবৃতি থাকা বাধ্যতামূলক। **যেকোনো ব্যক্তি যার চার মাস বা তার বেশী সময় ধরে শিশু সহায়তাদান করার টাকা বকেয়া পড়ে আছে তার ব্যবসা,** পেশাজীবিতা ও ড্রাইভারের লাইসেন্সগুলি স্থগিত রাখা হতে পারে। উদ্দেশ্যপ্রণোদিত ভাবে কোনো মিথ্যা লিখিত বিবৃতি দিয়ে সহযোগিতা করার বাধ্যবাধকতা আইনসম্মত ভাবে প্রয়োগ করার চেষ্টাকে ব্যাহত করার বা অকার্যকর করার চেষ্টা করা হলে সেটা পেনাল ল এর §175.35 অনুসারে শাস্তিযোগ্য অপরাধ। ঠকানোর উদ্দেশ্য নিয়ে রাষ্ট্রীয় বা স্থানীয় সরকারের কাছে কোনো মিথ্যা তথ্য দেওয়া হলে সেটা এক E শ্রেণীর গুরুতর অপরাধ।

<u>অনলাইন পরিষেবাগুলিতে থাকা তথ্য:</u>

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদকদের অনলাইনে আবেদন করতে উৎসাহিত করছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি শীঘ্র আপনার আবেদন করতে পারবেন এবং হালখবর পাবেন এবং এর সাহায্যে আপনি সমগ্র লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে পারবেন।

আরও স্পষ্ট নির্দেশিকা আর অন্যান্য অনলাইন তথ্য পাবার জন্য এখানে প্রদত্ত FAQগুলি দেখুন http://www.dos.ny.gov/licensing/lc-faq.html

অনলাইনে কী ধরনের তথ্য পাওয়া যায়?

- একটা প্রাথমিক আবেদনপত্র সম্পূর্ণ করুন
- একটি আবেদনপত্রর অবস্থা যাচাই করুন
- আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করুন
- একটা পরীক্ষা নেবার সময়সূচী নির্ধারণ করুন আর তার ফলাফলগুলি দেখুন
- একটি লাইসেন্সের অবস্থা যাচাই করুন
- লাইসেন্সের তথ্য সংশোধন করুন
- একটা লাইসেন্সের নকল দেবার জন্য অনুরোধ করুন

NYS লাইসেন্স সেন্টার (NYSLC)-এর মধ্যে একটা অ্যাকাউন্ট নথিভুক্তকরন করার জন্য আমি কীভাবে নিজেকে নথিভুক্ত করব?

NYS লাইসেন্স সেন্টার (NYSLC)-এর মধ্যে একটা অ্যাকাউন্ট নথিভুক্তকরন করতে হলে, আপনাকে অবশ্যই প্রথমে My NY.gov.-এ নথিভুক্ত হতে হবে।

আপনি যদি এখন My NY.gov-এ নথিভুক্ত না হয়ে থাকেন, তাহলে My NY.gov এর নথিভুক্তকরন সাইটে যান https://aca.licensecenter.ny.gov/aca/ আর 'I need a NY.gov ID' লিংক-এ ক্লিক করুন আর My NY.gov এর জন্য নথিভুক্ত হবার নির্দেশিকাগুলি মেনে চলুন। একবার নিজেকে My NY.gov-এ নথিভুক্ত করতে পারলে, My NY.gov-এ প্রদত্ত NYS লাইসেন্স সেন্টার বিকল্পটি নির্বাচন করুন। NYS লাইসেন্স সেন্টারে, 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিংক-এ ক্লিক করুন যেটা উপরের দিকে ডান দিকের কোণায় রয়েছে। প্রয়োজনীয় শূন্যস্থানগুলি পূরণ করুন এবং এই তথ্য আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে সমস্ত নতুন আবেদনপত্রগুলিকে আগে থেকেই পূরণ করে রাখবে। একবার এই তথ্য প্রদান সম্পূর্ণ করে ডেটাগুলিকে সেভ করে নিলে পর, পরের ধাপে যাবার জন্য 'মুখ্য পৃষ্ঠা' ট্যাবে ক্লিক করুন।

আমার যদি একটা My NY.gov অ্যাকাউন্ট ইতিমধ্যে থেকে থাকে তাহলে কী হবে?

একবার নিজেকে My NY.gov-এ নথিভুক্ত করতে পারলে, My NY.gov-এ যান আর প্রদত্ত বিকল্পগুলির থেকে NYS লাইসেন্স সেন্টার বিকল্পটি নির্বাচন করুন। তাহলে আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট খোলা হবে। NYS লাইসেন্স সেন্টারে, 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিংক-এ ক্লিক করুন যেটা উপরের দিকে ডান দিকের কোণায় রয়েছে। প্রয়োজনীয় শূন্যস্থানগুলি পূরণ করুন এবং এই তথ্য আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে সমস্ত নতুন আবেদনপত্রগুলিকে আগে থেকেই পূরণ করে রাখবে। একবার এই তথ্য প্রদান সম্পূর্ণ করে ডেটাগুলিকে সেভ করে নিলে পর, পরের ধাপে যাবার জন্য 'মুখ্য পৃষ্ঠা' ট্যাবে ক্লিক করুন।

NYS লাইসেন্স সেন্টার-এ একটা লাইসেন্স পাবার জন্য আমি কীভাবে আবেদন করব?

NYS লাইসেন্স সেন্টার-এ একটা লাইসেন্স পাবার জন্য আবেদন করতে হলে, আপনাকে অবশ্যই একটা অ্যাকাউন্ট তৈরি করতে হবে বা আপনার এখনকার অ্যাকাউন্টে লগ ইন করতে হবে। অনলাইনে আবেদন করার জন্য এই ধাপগুলি প্রয়োগ করুন।

- একটা অ্যাকাউন্ট বা লগ ইন করার জন্য নথিভুক্ত হোন (উপরের "NYS লাইসেন্স সেন্টার (NYSLC)-এর মধ্যে একটা অ্যাকাউন্ট নথিভুক্তকরন করার জন্য আমি কীভাবে নিজেকে নথিভুক্ত করব?" লেখাটা দেখুন)
- আপনি একবার NYS লাইসেন্স সেন্টার-এ লগ ইন হয়ে থাকা অবস্থায়, 'মুখ্য পৃষ্ঠা' ট্যাব থেকে tab select 'একটা নতুন লাইসেন্স বা অনুমতিপত্র পাবার জন্য আবেদন এখন করুন'
- অনলাইনে প্রদত্ত আবেদনপত্র লেখার নির্দেশিকাগুলি পালন করুন
- যেকোনো সহযোগী নথি আপলোড করুন
- পেমেন্ট করুন আর নিশ্চয়তা জ্ঞাপক পৃষ্ঠাটি ছাপিয়ে ফেলুন

আপনি আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে আর আপনার আবেদনপত্রের গতিপ্রকৃতির উপর নজর রাখতে পারবেন।

আমি কীভাবে অনলাইনে একটা অতিরিক্ত লাইসেন্স তৈরি করতে পারব?

একটা অতিরিক্ত লাইসেন্সের জন্য আবেদন করতে হলে, আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন আর 'আমার লাইসেন্সগুলি পরিচালনা করা' ট্যাবে ক্লিক করুন আর তারপর 'একটা নতুন লাইসেন্স বা অনুমতিপত্র পাবার জন্য এখন আবেদন করুন!' কথাটি নির্বাচন করুন। শর্ত ও নিয়মাবলী পড়ুন আর মেনে নিন তাহলে সিস্টেমটা আপনাকে সেখান থেকে এগিয়ে যেতে সাহায্য করবে।

আমি কীভাবে অনলাইনে একটা লাইসেন্স পুনর্নবীকরণ করতে পারব?

আপনার যদি এখন NYS লাইসেন্স সেন্টারের কোনো অ্যাকাউন্ট থেকে থাকে, আপনার লাইসেন্সের মেয়াদ ফুরানোর তিন মাস আগে আপনি ইমেইলের মাধ্যমে একটা পুনর্নবীকরণ করানোর বিজ্ঞপ্তি পাবেন। ইমেইলটাতে আপনার অ্যাকাউন্টের একটা লিংক থাকে। লিংকের উপরে ক্লিক করে পুনর্নবীকরণ করানোর আবেদনপত্র দেবার কাজ এগিয়ে নিয়ে চলুন।

আপনার যদি এখন NYS লাইসেন্স সেন্টারের কোনো অ্যাকাউন্ট না থাকে, আপনার লাইসেন্সের মেয়াদ ফুরানোর তিন মাস আগে পুনর্নবীকরণ করানোর বিজ্ঞপ্তি চিঠির মাধ্যমে পাবেন। এই বিজ্ঞপ্তির মধ্যে NYS লাইসেন্স সেন্টারে একটা অ্যাকাউন্ট খুলবার নির্দেশিকাগুলি দেওয়া থাকবে।

অনলাইন সিস্টেমের জন্য আমার ইউজার ID কী?

যখন আপনি My NY.gov-এ আপনার অ্যাকাউন্ট সৃষ্টি করবেন, আপনাকে একটা ইউজার ID সৃষ্টি করতে হবে আর আপনার ইমেল ঠিকানাটা ব্যবহার করতে হবে। এরপর আপনি আপনার অ্যাকাউন্ট ইউজার ID-র মাধ্যমে ব্যবহার করতে পারবেন।

আমি কীভাবে আমার অনলাইন অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করতে পারব?

আপনার অনলাইন অ্যাকাউন্টের তথ্য আপনাকে দুটো জায়গায় হালনাগাদ করতে হবে। আপনাকে আপনার তথ্য My NY.gov-এ আর NYS লাইসেন্স সেন্টারে হালনাগাদ করতে হবে।

আপনার অ্যাকাউন্ট পরিচালনা করার তথ্য দেবার জন্য, আমার My NY.gov-এ থাকা FAQগুলি দেখুন।

আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে লগ ইন করুন, উপরের সারিতে আপনি 'আমার লাইসেন্সগুলি পরিচালনা' শিরোনামের একটা লিংক দেখতে পাবেন। সেখান থেকে আপনি যোগাযোগ করার তথ্য সংশোধন সম্পূর্ণ করে আপনার অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করতে পারবেন।

আমি অনলাইনে আবেদন করছি, আমি কীভাবে এই বিভাগকে আমার শারীরিক পরীক্ষা করানোর কথা জানাতে পারব?

নখ বিশেষজ্ঞতা অর্জনের প্রশিক্ষণ গ্রহণকারী হিসাবে নথিভুক্ত হতে গেলে সমস্ত আবেদনকারীকে একজন চিকিৎসা সহায়কের বা পেশাদার নার্সের দ্বারা পরীক্ষা করানোর দরকার হতে পারে। আবেদনপত্রটি অবশ্যই চিকিৎসক, চিকিৎসা সহায়ক বা পেশাদার নার্সদের দিয়ে একটা পরীক্ষা করানোর 30 দিনের মধ্যে জমা দিতে হবে। স্বাস্থ্য সার্টিফিকেট ফর্ম (DOS-1948) অবশ্যই সম্পূর্ণ করতে হবে আর সেটা ডিপার্টমেন্ট অফ স্টেট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

আপনার অনলাইন আবেদনপত্রে NYS লাইসেন্স সেন্টার ব্যবহার করে, আপনি অবশ্যই হেলথ সার্টিফিকেট ফর্ম পূরণ করার সময় দেওয়া তথ্যগুলিকে ব্যবহার করবেন। আপনাকে এই ফর্মের থেকে তথ্যগুলি নিয়ে হেলথ সার্টিফিকেট দেবার শূন্যস্থানগুলি সিস্টেমের মধ্যে পূরণ করতে হবে।

অনুগ্রহ করে মনে রাখুন: এই পূরণ করা হেলথ সার্টিফিকেট ফর্মটির তথ্য একজন পর্যবেক্ষককে দিয়ে যাচাই করানো হবে যেন নিশ্চিত করা যায় যে এখানকার মান্যতাগুলি পালন করা হয়েছে। এই ফর্মে প্রদত্ত তথ্যের প্রমাণ অবশ্যই আপনার কর্মস্থলে মজুত রাখতে হবে যেন তথ্য যাচাই করার উদ্দেশ্যে কাজে লাগতে পারে।

গোপনীয়তার বিজ্ঞপ্তি

আমাকে কি আমার সামাজিক সুরক্ষা ও ফেডারাল ID নম্বরগুলি আবেদনপত্রর সাথে দিতে হবে?

হ্যাঁ, যদি আপনার কোনো সামাজিক সুরক্ষা নম্বর বা ফেডারাল ID নম্বর থাকে, আপনাকে সেই নম্বর দিতে হবে। যদি আপনার কোনো সামাজিক সুরক্ষা নম্বর বা ফেডারাল ID নম্বর না থাকে, অনুগ্রহ করে তার একটা লিখিত ব্যাখ্যা দিন।

ডিপার্টমেন্ট অফ স্টেটকে সমস্ত লাইসেন্সের ফেডারাল সোশ্যাল সিকিউরিটি আর এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নম্বর সংগ্রহ করতে হয়। কর্তৃপক্ষকে এমন ব্যক্তিগত তথ্য দেবার জন্য অনুরোধ ও সেটা রক্ষণাবেক্ষণ করার কথা ট্যাক্স ল-এর অনুচ্ছেদ §5 এবং জেনারাল অবিলিগেশনস ল-এর অনুচ্ছেদ §3-503-এ দেখতে পাওয়া যাবে। আপনাকে সেগুলি এই তথ্য এই কারণে সংগ্রহ করা হয় যেন ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেসন অ্যান্ড ফিনান্স এমন বিভিন্ন ব্যক্তি, ব্যবসা ও অন্যান্য সত্তাকে চিহ্নিত করতে পারে যারা ট্যাক্স রিটার্ন পূরণ করার সময় অসততা করেছে বা তাদের ট্যাক্স দেবার দায়বদ্ধতা কমিয়ে দেখিয়ে থাকতে পারে এবং সাধারণ ভাবে এমন সব ব্যক্তিকে চিহ্নিত করতে পারে যারা কমিশনার অফ ট্যাক্সেসন অ্যান্ড ফিনান্স-এর প্রশাসনে বিভিন্ন কর দিতে গিয়ে ক্ষতিগ্রস্ত হয়েছেন। এটাকে কর প্রশাসন করার কাজে ও অন্য যেকোনো উদ্দেশ্যে ব্যবহার করা হবে যেটা ট্যাক্স ল দ্বারা অধিকার প্রদত্ত হবে এবং শিশু সহযোগ কার্যকর করার এজেন্সিগুলি বা তাদের অধিকার প্রদত্ত প্রতিনিধিদের দ্বারা এখানে বা অন্য প্রদেশগুলিতে প্রতিষ্ঠিত সোশ্যাল সিকিউরিটি অ্যাক্ট-এর JV-D আইন অনুসারী ডাইরেক্টর অফ অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট এই তথ্য লাইসেন্সিং ইনফরমেশন সিস্টেমের মধ্যে রক্ষণাবেক্ষণ করে রাখেন, যার ঠিকানা হল ওয়ান কমার্স প্লাজা, 99 Washington Avenue, Albany, NY 12231-0001.

আপনি কি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান?

অনুগ্রহ করে www.elections.ny.gov/votingregister.html-তে NY State Board of Elections গিয়ে দেখুন

অথবা **1-800-FOR-VOTE** কল করে NYS ভোট দাতার নিবন্ধন পত্রটির জন্য অনুরোধ জানান।

NEW YORK STATE OF OPPORTUNITY. Division of Licensing Services

New York State
Department of State
Division of Licensing Services
Appearance Enhancement
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণ আবেদনপত্র

আপনাকে অবশ্যই প্রতিটা প্রশ্নের উত্তর দিতে হবে আর কালি দিয়ে উত্তরগুলি *ছেপে* দিতে হবে। এই আবেদনপত্র সম্পূর্ণ করার আগে নির্দেশগুলিকে পড়ুন।

আবেদকের তথ্য

নামের প্রথম শব্দ	নামের শেষ শব্দ	নামের মাঝের শব্দ	অন্ত্যক্ষর	
বাড়ির ঠিকানা (রাস্তার নম্বর আর রাস্তার নাম লিখুন)			সুইট, অ্যাপার্টমেন্ট, ইউনিট	
শহর	প্রদেশ	জিপ+4	কাউন	দেশ
চিঠি দেবার ঠিকানা (এখানে PO বক্স নম্বর লিখুন)				
শহর	প্রদেশ	জিপ+4	কাউন্ট	দেশ
ই-মেইল করার ঠিকানা	সোশ্যাল সিকিউরিটি নম্বর বা সামাজিক নিরাপত্তা সংখ্যা (যদি থেকে থাকে)	ফেডারাল ট্যাক্স পেয়ার ID (যদি থেকে থাকে)		
জন্ম তারিখ	বাড়ির ফোন নম্বর	মোবাইল নম্বর	ব্যবসায়িক ফোন নম্বর	

পারিপার্শ্বিক তথ্য

হ্যাঁ বা **না**

আপনাকে কি কখনো New York State-এর থেকে প্রদত্ত নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণকারীর নথিভুক্তকরন নম্বর পেয়েছেন? ______ ______

→যদি "হ্যাঁ" হয়, তাহলে নথিভুক্তকরন UID নম্বর ও তার মেয়াদ ফুরানোর তারিখ জানান:

নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণকারীর নথিভুক্তকরন ইউনিক ID নম্বর UID # __________ এর মেয়াদ ফুরানোর তারিখ __________

নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণকারীরা একজন লাইসেন্সপ্রাপ্ত নখ বিশেষজ্ঞর নজরদারীতে কাজ করেন আর তাকে এক লাইসেন্সপ্রাপ্ত রূপ বর্ধন ব্যবসায়ী নিয়োগ দেন।

আপনাকে অবশ্যই নিম্নলিখিত তথ্য জানাতে হবে:

নজরদারী করা নখ বিশেষজ্ঞর নাম	নজরদারী করা নখ বিশেষজ্ঞর লাইসেন্সের ইউনিক ID নমর*
রূপ বর্ধন ব্যবসায়িক নাম	অ্যাপিয়ারেন্স এনহ্যান্সমেন্ট বিজনেস লাইসেন্স ইউনিক ID নম্বর*

* *লাইসেন্স ইউনিক ID* নম্বর লাইসেন্স সার্টিফিকেট-এর উপরে বাঁদিকের কোণে *দেওয়া থাকে*

নখ বিশেষজ্ঞতা প্রশিক্ষণ গ্রহণ আবেদনপত্র

হেলথ সার্টিফিকেট প্রদান — ***আপনাকে অবশ্যই শারীরিক পরীক্ষা করানো হয়ে যাবার পরে এই আবেদনপত্রটা 30*** **দিনের মধ্যে জমা করতে হবে।**

আমি একজন বিধিবদ্ধ ভাবে লাইসেন্স প্রাপ্ত চিকিৎসক, চিকিৎসকের সহায়তাকারী বা পেশাদার নার্স এবং নাম উল্লেখিত ব্যক্তিটির একটি রুটিন পরীক্ষা করার সময় কাজ করেছিলাম যার কথা এই আবেদনপত্রে উল্লেখ আছে ____________________ (*শারীরিক পরীক্ষা করানোর তারিখ*) তারিখে, যখন আমি এমন কোনো রকমের ডাক্তারি প্রমাণ পাইনি যে তার কোনো সংক্রামক বা ছোঁয়াচে রোগ ছিল যেটার জন্য আবেদনকারীর পেশার সাথে সম্পর্কিত জনগণের স্বাস্থ্য বা নিরাপত্তায় কোন গুরুতর ঝুঁকি বা সরাসরি বিপদের সম্ভাবনা থাকতে পারে।

চিকিৎসকের ছাপার হরফে লেখা নাম ____

প্র্যাকটিস করার জায়গার ঠিকানা ____

____

চিকিৎসকের স্বাক্ষর ____ *তারিখ* ______________

শিশু সহায়কের বিবৃতি —

এই আবেদনপত্রে স্বাক্ষর করে, আমি প্রত্যয়িত করছি যে এই আবেদনপত্র দেবার তারিখ পর্যন্ত, আমি শিশু সহযোগ দেবার জন্য টাকা দিতে বাধ্য না **অথবা** আমি যদি শিশু সহযোগ দেবার জন্য কোনো ভাবে বাধ্য হয়ে থাকি, আমার চার মাস বা তার বেশী সময়ের জন্য শিশু সহযোগের জন্য প্রদেয় টাকা বাকি পড়ে নেই, অথবা আমি রোজগার থেকে কেটে পেমেন্ট করছি বা আদালতের সম্মতিক্রমে পেমেন্ট করছি বা রি-পেমেন্ট পরিকল্পনা অনুসারে বা বিভিন্ন পক্ষের মধ্যে হওয়া সিদ্ধান্ত অনুসারে পেমেন্ট করা হচ্ছে বা আমার শিশু সহযোগিতা কর্মসূচীর বাধ্যবাধকতা অনুসারে পেমেন্ট করছি যে বিষয়ে আদালতের রায় পাওয়া বাকি রয়ে গেছে, অথবা আমি সরকারি সহযোগিতা পাচ্ছি বা পরিপূরক নিরাপত্তা পাওয়ার জন্য রোজগার করছি।

আবেদকের সম্মতিদান — আমি এই বিষয়ে সম্মতি জানাচ্ছি যে, মিথ্যা হলফনামা দিয়ে থাকলে আমাকে জরিমানা দিতে হবে, আর এই আবেদনপত্রের বিবৃতিগুলি সত্য ও সঠিক। আমি আরও জানাতে চাই যে আমি জেনারাল বিজনেস ল এর অনুচ্ছেদ 27 এর বক্তব্যগুলি ও তার অধীনে গঠিত শর্ত ও নিয়মাবলী পড়েছি ও বুঝেছি।

আবেদকের স্বাক্ষর

X ____ *তারিখ*____________________

এটা গুরুত্বপূর্ণ যে আপনি এই বিভাগকে আপনার বাসস্থানের ও ইমেইল ঠিকানায় পরিবর্তনের বিষয়ে জানাবেন যেন আপনি পুনর্নবীকরণের বিজ্ঞপ্তিগুলি ও অন্য কোনো বিজ্ঞপ্তিগুলি পেতে পারেন যেটা আপনার লাইসেন্সের সাথে সংশ্লিষ্ট।